রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, আগস্ট ২৮, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**জেলা পরিষদ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/২৫ আগস্ট ২০১৯ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ২৬৬-আইন/২০১৯।**—জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন) এর ধারা ৭৩ এর উপ-ধারা (১) ও উপ-ধারা (২) এর দফা (ত) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্য (অপসারণ) বিধিমালা, ২০১৯ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"আইন"** অর্থ জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন);

(খ) **"ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ"** অর্থ ধারা ৭৫ এর অধীন সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত সংশ্লিষ্ট জেলার ডেপুটি কমিশনার;

(গ) **"চেয়ারম্যান"** অর্থ ধারা ২ এর দফা (গ) তে সংজ্ঞায়িত চেয়ারম্যান;

(ঘ) **"তদন্ত কর্মকর্তা"** অর্থ বিধি ৫ এর অধীন তদন্ত পরিচালনার লক্ষ্যে ধারা ৬০ এর অধীন সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা;

(ঙ) **"ধারা"** অর্থ আইনের ধারা;

(চ) **"প্রধান নির্বাহী কর্মকর্তা"** অর্থ এই বিধিমালার অধীন সুনির্দিষ্ট দায়িত্ব পালনের নিমিত্ত ধারা ৩৯ এর অধীন নিয়োগকৃত প্রধান নির্বাহী কর্মকর্তা;

(ছ) **"সদস্য"** অর্থ ধারা ২ এর দফা (ঝ) এ সংজ্ঞায়িত সদস্য; এবং

(জ) **"সরকার"** অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে স্থানীয় সরকার বিভাগ।

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই একই অর্থে ব্যবহৃত হইবে।

৩। **অপসারণের প্রস্তাব।**—ধারা ১০ এর উপ-ধারা (১) এর দফা (ক), (খ), (ঘ) বা (ঙ) তে বর্ণিত কারণে কোনো অভিযোগের ভিত্তিতে চেয়ারম্যান বা সদস্য অপসারণযোগ্য হইলে, ধারা ১০ এর উপ-ধারা (২) এর অধীন চেয়ারম্যান বা সদস্য পদ হইতে অপসারণের পক্ষে প্রস্তাব আনয়ন করা যাইবে, এবং উক্ত প্রস্তাব পরিষদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের স্বাক্ষরসহ লিখিতভাবে প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

৪। **অপসারণের প্রস্তাব তদন্তের জন্য প্রেরণ।**—বিধি ৩ এর অধীন অপসারণ প্রস্তাব প্রাপ্তির পর প্রধান নির্বাহী কর্মকর্তা অপসারণ প্রস্তাবসম্বলিত অভিযোগ তদন্তের জন্য ৭ (সাত) কার্যদিবসের মধ্যে উহা তদন্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

৫। **তদন্ত পদ্ধতি।**—(১) বিধি ৪ এর অধীন কোনো অভিযোগ তদন্তের জন্য প্রেরণ করা হইলে, তদন্ত কর্মকর্তা তদন্ত আরম্ভ করিবেন।

(২) তদন্ত কর্মকর্তা অভিযোগ সংশ্লিষ্ট প্রয়োজনীয় দালিলিক প্রমাণাদিসহ অভিযুক্ত চেয়ারম্যান বা সদস্যের কোনো বক্তব্য থাকিলে, উহা ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে উপস্থাপনের জন্য নোটিশ প্রদান করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন নোটিশ প্রদানের পরিপ্রেক্ষিতে অভিযুক্ত চেয়ারম্যান বা সদস্য লিখিত বক্তব্য ও দালিলিক প্রমাণাদি—

(ক) উপস্থাপন করিলে এবং উহা তদন্ত কর্মকর্তার নিকট সন্তোষজনক প্রতীয়মান হইলে উহা প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে একটি তদন্ত প্রতিবেদন প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট দাখিল করিবেন, এবং একটি অনুলিপি ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন; অথবা

(খ) উপস্থাপন না করিলে, বা উপ-বিধি (৩) এর দফা (ক) এর অধীন দাখিলকৃত বক্তব্য তদন্ত কর্মকর্তার নিকট সন্তোষজনক প্রতীয়মান না হইলে তিনি অভিযোগ সম্পর্কে সরেজমিনে তদন্তপূর্বক ৪৫ (পয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে একটি তদন্ত প্রতিবেদন প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট দাখিল করিবেন, এবং একটি অনুলিপি ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।

৬। **তদন্ত প্রতিবেদন বিবেচনা।**—তদন্ত কর্মকর্তার নিকট হইতে তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর অপসারণযোগ্য প্রস্তাব সংশ্লিষ্ট অভিযোগের সত্যতা—

(ক) তদন্তে প্রমাণিত না হইলে, প্রধান নির্বাহী কর্মকর্তা উহা নিষ্পত্তির লক্ষ্যে সরকারের নিকট প্রেরণ করিবেন এবং সরকার উহা প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে প্রস্তাব নিষ্পত্তি করিবে; অথবা

(খ) তদন্তে প্রমাণিত হইলে প্রধান নির্বাহী কর্মকর্তা ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদনের সহিত সংযুক্ত কাগজপত্র পর্যালোচনাপূর্বক বা, প্রয়োজনে, ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষের সহিত আলোচনাক্রমে, সন্তুষ্ট হইলে অভিযুক্ত চেয়ারম্যান, বা ক্ষেত্রমত, সদস্যের শুনানি গ্রহণপূর্বক অপসারণের বিষয়ে ধারা ১০ এর উপ-ধারা (২) এর অধীন ভোট গ্রহণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

৭। **অপসারণের বিষয়ে সভা আহবান।**—(১) এই বিধির বিধান সাপেক্ষে, প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদের কার্যালয় বা তদকর্তৃক নির্ধারিত অন্য কোনো স্থান, তারিখ ও সময়ে পরিষদের বিশেষ সভা আহ্বান করিবেন, এবং উক্তরূপ বিশেষ সভা অনুষ্ঠিত হইবার ৩ (তিন) কার্যদিবস পূর্বে সময়, তারিখ ও স্থান উল্লেখপূর্বক চেয়ারম্যানসহ সকল সদস্যের নিকট সভার নোটিশ প্রেরণ করিবেন।

(২) অপসারণের বিষয়ে পরিষদের বিশেষ সভা আহ্বান, ভোট গ্রহণ এতদ্‌সংশ্লিষ্ট বিষয়ে সহায়তা করিবার লক্ষ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা একজন কর্মকর্তা নিযুক্ত করিবেন।

(৩) এই বিধির অধীন আহূত বিশেষ সভায় চেয়ারম্যানের বিরুদ্ধে অভিযোগের ক্ষেত্রে অস্থায়ী চেয়ারম্যান এবং কোনো সদস্যের বিরুদ্ধে ভোট গ্রহণের ক্ষেত্রে চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন।

৮। **ভোট গ্রহণ ও অপসারণ প্রস্তাব গ্রহণ।**—(১) বিধি ৭ এর অধীন আহূত বিশেষ সভা আরম্ভ হইবার ৩ (তিন) ঘন্টার মধ্যে উন্মুক্ত আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব না হইলে, প্রস্তাবটির বিষয়ে গোপন ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন গোপন ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণের ক্ষেত্রে, বিধি ৭ এর উপ-বিধি (২) এর অধীন নিযুক্ত কর্মকর্তা উপস্থিত চেয়ারম্যান ও সদস্যদের নিকট এই বিধিমালার সহিত সংযোজিত ফরম-ক অনুযায়ী প্রস্তুতকৃত ব্যালট পেপারের একটি করিয়া কপি প্রদানপূর্বক ভোট প্রদানের জন্য প্রত্যেক সদস্যকে আহ্বান করিবেন।

(৩) ব্যালট পেপার প্রদানের পূর্বে বিধি ৭ এর উপ-বিধি (২) এর অধীন নিযুক্ত কর্মকর্তা ব্যালট পেপারের যথার্থতা নিশ্চিতকল্পে উহার অপর পৃষ্ঠায় স্বাক্ষর করিবেন।

(৪) চেয়ারম্যান বা সদস্য কর্তৃক অসাবধানতাবশত কোনো ব্যালট পেপার ভোট গ্রহণের নিমিত্ত অনুপযোগী হইয়া গেলে, তদ্‌কর্তৃক অনুরোধক্রমে ডুপ্লিকেট ব্যালট পেপার প্রদান করা যাইবে।

(৫) উপ-বিধি (২) এর অধীন ব্যালট পেপার প্রাপ্তির পর উহাতে ভোট প্রদানের পর উক্ত ব্যালট পেপার ভাঁজ করিয়া বিধি ৭ এর উপ-বিধি (২) এর অধীন নিযুক্ত কর্মকর্তার নিকট ফেরত প্রদান করিতে হইবে।

(৬) উপ-বিধি (৫) এর অধীন ভোট প্রদানকৃত ব্যালট পেপার গ্রহণের পর বিধি ৭ এর উপ-বিধি (২) এর অধীন নিযুক্ত কর্মকর্তা টিক ($\surd$) বা ক্রস ($\times$) চিহ্নিত ভোটসমূহ গণনা করিয়া, তাৎক্ষণিকভাবে ফলাফল ঘোষণা করিবেন, এবং তাহা লিপিবদ্ধ করিবেন।

(৭) টিক ($\surd$) চিহ্নিত ভোট বিধি ৭ এর অধীন আহূত বিশেষ সভার মোট সদস্য সংখ্যার দুই তৃতীয়াংশের কম না হইলে, অপসারণ প্রস্তাবটি গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৮) ভোট গ্রহণের পর বিধি ৭ এর উপ-বিধি (২) এর অধীন নিযুক্ত কর্মকর্তা অপসারণ প্রস্তাবের কপি, ব্যালট পেপার, ভোটের ফলাফলসহ কার্যবিবরণীর কপি প্রস্তুতপূর্বক আনুষঙ্গিক কাগজপত্রসহ প্রধান নির্বাহী কর্মকর্তার মাধ্যমে সরকারের নিকট প্রেরণ করিবেন।

(৯) অপসারণ প্রস্তাবটি প্রয়োজনীয় সংখ্যক ভোটে গৃহীত না হইলে ভোট গ্রহণের তারিখ হইতে ৬ (ছয়) মাস অতিক্রান্ত না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট চেয়ারম্যান বা সদস্যের বিরুদ্ধে অনুরূপ কোনো অপসারণ প্রস্তাব আনয়ন করা যাইবে না।

(১০) পরিষদের কোনো চেয়ারম্যান বা সদস্যের দায়িত্বভার গ্রহণের ৬ (ছয়) মাসের মধ্যে তাহার বিরুদ্ধে অপসারণ প্রস্তাব আনয়ন করা যাইবে না।

৯। **সরকারের অনুমোদন**।—(১) বিধি ৮ এর উপ-বিধি (৭) এর অধীন অপসারণ প্রস্তাবটি গৃহীত হইলে, বা ধারা ১০ এর উপ-ধারা (১) এর দফা (গ) তে বর্ণিত কারণে চেয়ারম্যান বা সদস্য অপসারণযোগ্য হইলে অপসারণজনিত পদশূন্যতার বিষয়টি সরকার কর্তৃক অনুমোদিত হইলে উহা সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রজ্ঞাপন প্রকাশিত হইবার পর বিধি ৭ এর উপ-বিধি (২) এর অধীন নিযুক্ত কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তাকে অবহিতক্রমে, উক্ত প্রজ্ঞাপনের কপি অপসারণকৃত চেয়ারম্যান বা সদস্য, ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট জেলা পরিষদের কার্যালয় এবং নির্বাচন কমিশনে প্রেরণ করিবেন।

**ফরম-ক**

[ বিধি ৮ দ্রষ্টব্য ]

**চেয়ারম্যান/সদস্য এর বিরুদ্ধে অপসারণ প্রস্তাবের ব্যালট পেপার**

জনাব/বেগম...............................(নাম), চেয়ারম্যান/সদস্য......................জেলা পরিষদের বিরুদ্ধে আনীত অপসারণ প্রস্তাবের বিষয়ে বিধি ৮ এর উপ-বিধি (১) এর সিদ্ধান্ত অনুসারে ভোট গ্রহণের নিমিত্ত।

অপসারণ প্রস্তাবের পক্ষে টিক (√) চিহ্ন ...............................................

অপসারণ প্রস্তাবের বিপক্ষে ক্রস (×) চিহ্ন ...............................................

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হেলালুদ্দীন আহমদ**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd